# Mg
Magnesium

**Composition**
**Mg Tablet:** Each film coated tablet contains Magnesium Oxide BP 605.20 mg equivalent to Magnesium 365 mg.

**Description**
Magnesium is one of the most common minerals on earth and is present in many foods. Magnesium is a mineral supplement used to treat or prevent low levels of Magnesium in the blood. It's essential for human health and is used over 600 cellular reactions throughout the body. In fact, every cell and organ need this mineral to function properly. It contributes to bone health as well as proper brain, heart and muscle function.

**Pharmacology**
Approximately 24-76% of ingested Magnesium is absorbed in the gastrointestinal tract, primarily via passive par cellular absorption in the small intestine. 20% of the Magnesium found in human serum is protein bound. Approximately 60-70% of this fraction is bound to albumin while the remainder is bound to globulin proteins. Magnesium does not appear to be metabolized and majority of Magnesium is excreted renally.

**Indications**

It is indicated in the treatment of-

- Relieving the symptoms of Magnesium deficiency
- Heart and vascular system: Heartbeat acceleration, heartbeat irregularities, heart attack, angina pectoris, mild to severe hypertension
- Nerve and muscles: Sudden and excess spasm in muscle (tetani), spasm formation in muscle, stomach-intestine cramps, increased stimulability of muscle and nerves
- Gynecological diseases, related to birth and baby: Preterm spasms, cervical failure, early membrane rupture, spasm in pregnancy (eclampsia/pre-eclampsia), menstrual period with pain
- Orthopedics: Calcification and ossifications
- Treatment of diabetic and migraine (a type of headache)

**Dosage & Administration**
Recommended daily dose for patient over 12 years of age is 1-2 tablets

**Contraindication**
If you have kidney disease, breast-feeding baby, allergies or if you take other medicines or herbal supplements. Consult with Doctor prior take this medicine.

**Precautions & Warnings**

- Do not take more Magnesium than doctor or the product label recommends.
- Before taking the supplement, consult with doctor if you have liver, kidney, heart or intestinal disease.
- Should take other medications either two hours before or after taking Magnesium.

**Side Effects**
Common side effects includes-Diarrhea, Cramping, Itching, Rash Dizziness, Weakness, Unusual fatigue, Nausea, Vomiting may occur.

**Drug-Drug Interactions**

Magnesium may interacts with Muscle relaxant drugs, Some antibiotics like quinolones, nitrofurantoin, tetracyclines, fluoroquinolones, Digoxin, Lithium, Sodium polystyrene sulfonate, Cellulose sodium phosphate, Barbiturate, opioids, hypnotics, Nifedipine.

The absorption of levothyroxine containing drugs is impaired when used concomitantly, therefore at least 4 hours interval is required between the uses of these two drugs.

**Pregnancy and Lactation**
Use it after consulting with doctor during pregnancy and breastfeeding.

**Special populations**

Kidney failure- Do not take this medication in the patient with severe kidney failure.

Liver failure- There is no data about usage in the patients with liver failure.

**Storage**
Store below 30° C and dry place, away from light. Keep out of the reach of children.

**Commercial Pack**
**Mg Tablet:** Each commercial box contains 30's tablets in Alu-Alu blister pack.

Manufactured By
BEACON®
Pharmaceuticals PLC
Bhaluka, Mymensingh, Bangladesh

LF41901

# এমজি

ম্যাগনেসিয়াম

**উপাদান**

**এমজি ট্যাবলেটঃ** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে ম্যাগনেসিয়াম অক্সাইড বিপি ৬০৫.২০ মিগ্রা যা ম্যাগনেসিয়াম ৩৬৫ মিগ্রা এর সমতুল্য।

**বর্ণনা**

ম্যাগনেসিয়াম পৃথিবীর সর্বাধিক সাধারণ খনিজগুলির মধ্যে একটি এবং এটি অনেক খাবারে উপস্থিত। ম্যাগনেসিয়াম রক্তে ম্যাগনেসিয়ামের স্বল্পতার চিকিৎসা বা প্রতিরোধ করতে ব্যবহৃত একটি খনিজ পরিপূরক। এটি মানব স্বাস্থ্যের জন্য প্রয়োজনীয় এবং সারা শরীরে ৬০০ টিরও বেশি সেলুলার প্রতিক্রিয়ায় ব্যবহৃত হয়। আসলে, প্রতিটি কোষ এবং অঙ্গের সঠিকভাবে কাজ করার জন্য এই খনিজটির প্রয়োজন। এটি হাড়ের স্বাস্থ্যের পাশাপাশি যথাযথ মস্তিস্ক, হার্ট এবং পেশীর ক্রিয়ায় অবদান রাখে।

**ফার্মাকোলজিঃ**

ম্যাগনেসিয়াম প্রায় ২৪-৭৬% গ্যাস্ট্রোইনটেস্টাইনাল ট্র্যাক্টে প্রাথমিকভাবে ক্ষুদ্রান্ত্রে পরোক্ষভাবে সেলুলার শোষণের মাধ্যমে শোষিত হয়। মানুষের রক্তরসে পাওয়া ম্যাগনেসিয়াম ২০% প্রোটিনের সাথে আবদ্ধ থাকে। এর প্রায় ৬০-৭০% অ্যালবুমিনের সাথে আবদ্ধ থাকে এবং বাকী অংশটি গ্লোবিউলিন প্রোটিনের সাথে আবদ্ধ থাকে। ম্যাগনেসিয়াম মেটাবলাইজড্ হয় না এবং বেশিরভাগ অংশ কিডনি দিয়ে নিঃসৃত হয়।

**নির্দেশনা**

নিম্নলিখিত চিকিৎসায় ম্যাগনেসিয়াম নির্দেশিতঃ

- ম্যাগনেসিয়ামের ঘাটতি জনিত লক্ষণগুলো দূর করা
- হার্ট এবং ভাস্কুলার সিস্টেমঃ হার্টবিট বেড়ে যাওয়া, হার্টবিটের অনিয়ম, হার্ট অ্যাটাক, এনজিনা পেক্টোরিস, হালকা থেকে মারাত্মক উচ্চ রক্তচাপ
- স্নায়ু এবং পেশীঃ হঠাৎ এবং অতিরিক্ত পেশীর খিচুনি, পেশীতে খিচুনি, পেট-অন্ত্রের পেশী সংকোচন, পেশী এবং স্নায়ুর উদ্দীপনা বৃদ্ধি
- জন্ম ও শিশুর সাথে সম্পর্কিত গাইনোকোলজিকাল রোগগুলিঃ প্রারম্ভিক খিচুনি, জরায়ুর ব্যর্থতা, প্রারম্ভিক ঝিল্লি ফেটে যাওয়া, গর্ভাবস্থায় খিচুনি (এক্ল্যাম্পসিয়া/প্রাক-এক্ল্যাম্পসিয়া), ব্যথা সহ মাসিক
- অর্থোপেডিক্সঃ ক্যালিকিফিকেশন এবং অসিফিকেশন
- ডায়াবেটিক এবং মাইগ্রেনের চিকিৎসায় (এক ধরণের মাথা ব্যথা)

**মাত্রা ও সেবনবিধি**

১২ বছরের বেশি বয়সী রোগীর জন্য দৈনিক ১-২ টি ট্যাবলেট ।

**প্রতিনির্দেশনা**

কিডনি ফেইলিওর, স্তন্যদানকারী মা, অ্যালার্জি, অন্য ওষুধ বা ভেষজ ওষুধ গ্রহণ করলে ডাক্তারের পরার্মশে এই ওষুধ সেবন করতে হবে ।

**পূর্বসতকর্তা**

- ডাক্তারের পরার্মশ বা সেবনবিধি এর বেশি ম্যাগনেসিয়াম গ্রহণ করা যাবে না।
- লিভার, কিডনি, হার্ট বা অন্ত্রের রোগ থাকলে ডাক্তারের পরার্মশে সেবন করতে হবে।
- ম্যাগনেসিয়াম খাওয়ার দুই ঘন্টা আগে বা পরে অন্যান্য ওষুধ খাওয়া উচিত।

**পার্শ্ব প্রতিক্রিয়া**

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া গুলির মধ্যে রয়েছে- ডায়রিয়া, পেশী সংকোচন, চুলকানি, ফুসকুড়ি, হালকা মাথা ঘোরা, দুর্বলতা, ক্লান্তি, বমি বমি ভাব ইত্যাদি।

**ওষুধ আন্তঃক্রিয়া**

ম্যাগনেসিয়াম-মাসল রিলাক্সজেন্ট, কিছু অ্যান্টিবায়োটিক যেমন কুইনোলোনস, নাইট্রোফুরানটোইন, পেনিসিলামাইন, টেট্রাসাইকিনস, ফ্লুরোকুইনোলোনস, ডিগক্সিন, লিথিয়াম, সোডিয়াম পলিস্টেরিন সালফোনেট, সেলুলোজ সোডিয়াম ফসফেট, বারবিচুরেটস, ওপোয়েডস , হিপনোটিকস, নিফেডিপিন এর সাথে আন্তঃক্রিয়া করতে পারে।

লিভোথাইরক্সিন জাতীয় ঔষধের শোষণে বাধা প্রদান করে। সুতরাং, এই দুইটি ওষুধ ব্যবহারের ক্ষেত্রে কমপক্ষে চার ঘন্টার ব্যবধান থাকা উচিত।

**গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে**

গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ডাক্তারের পরামর্শ অনুযায়ী ব্যবহার করতে হবে।

**বিশেষ রোগী**

কিডনি ফেইলিওর-গুরুতর কিডনি ফেইলিওর রোগীকে এই ওষুধটি দেওয়া যাবে না।

লিভার ফেইলিওর-লিভার ফেইলিওর রোগীদের ক্ষেত্রে ব্যবহার সম্পর্কে কোন তথ্য পাওয়া যায়নি।

**সংরক্ষণ**

৩০°সেলসিয়াস এর নিচে, শুকনো স্থানে ও আলো থেকে দূরে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**মোড়ক সামগ্রী**

**এমজি ট্যাবলেটঃ** প্রতিটি বাণিজ্যিক মোড়কে আছে ৩০টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

প্রস্তুতকারক

**বীকন ফার্মাসিউটিক্যালস্ পিএলসি**

ভালুকা, ময়মনসিংহ, বাংলাদেশ